বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার নং- ২১ তারিখ : ১৭ মাঘ, ১৪২৫ / ৩০ জানুয়ারী, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

বিএফআইইউ সার্কুলার নম্বর-১৯, তারিখ:১৭/০৯/২০১৭ এর ৯ নম্বর অনুচ্ছেদ সংশোধনপূর্বক প্রতিস্থাপন প্রসঙ্গে।

বিএফআইইউ সার্কুলার নম্বর-১৯, তারিখ:১৭/০৯/২০১৭ এর ৯ নম্বর অনুচ্ছেদ সংশোধনপূর্বক প্রতিস্থাপনের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারি করা হলো :

২। বিগত ১৭ সেপ্টেম্বর, ২০১৭ এ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক জারিকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর-১৯ এর ৯ নম্বর অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপিত মর্মে গণ্য হবে:

" ৯। **অয়্যার ট্রান্সফার (Wire transfer) :**

"অয়্যার ট্রান্সফার (Wire transfer)" বলতে এমন আর্থিক লেনদেনকে বুঝাবে যাতে কোনো আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুরোধে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ইলেক্ট্রনিক মাধ্যম ব্যবহার করে অপর কোনো ব্যাংক বা প্রতিষ্ঠানের শাখার সহায়তায় বেনিফিশিয়ারি ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ প্রদান করে।

৯.১ সকল ধরনের অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যাবলী গ্রহণ নিশ্চিত করতে হবে:

(১) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার[১] :

(ক) সাধারণ বা বিশেষ অনুমতির আওতায় অন্যূন ১,০০০(এক হাজার) বা তদূর্ধ্ব পরিমাণ মার্কিন ডলার বা সমমূল্যের বৈদেশিক মুদ্রায় আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারীর[২] সঠিক[৩] তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং উক্ত তথ্য ইন্টারমিডিয়ারি/বেনিফিশিয়ারি ব্যাংকে প্রেরণ করতে হবে। উক্ত তথ্যের মধ্যে আবেদনকারীর হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সুত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভূক্ত

---

[১] আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার (Cross-border wire transfer) বলতে এরূপ আর্থিক লেনদেনকে বুঝাবে যে ক্ষেত্রে আবেদনকারী এবং বেনিফিশিয়ারী ভিন্ন ভিন্ন দেশে অবস্থান করে। তাছাড়া পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারের ক্ষেত্রে ন্যূনপক্ষে একটি লেনদেন দেশের বাইরে সম্পাদিত হলে তাও আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার মর্মে গণ্য হবে।

[২] আবেদনকারী (Applicant/originator) বলতে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাবধারী কিংবা হিসাবধারী নন) বুঝাবে যার অনুরোধের সূত্রে সংশ্লিষ্ট ব্যাংক বর্ণিত অয়্যার ট্রান্সফার কার্য সম্পাদন করে।

[৩] আবেদনকারীর সঠিক তথ্য বলতে আবেদনকারীর নাম এবং ঠিকানা বা জাতীয় পরিপত্র বা জন্মতারিখ সম্পর্কিত এরূপ তথ্যকে বোঝাবে যার সঠিকতা যাচাই করা হয়েছে।

থাকবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়। এছাড়াও বেনিফিশিয়ারী সম্পর্কিত তথ্যের মধ্যে বেনিফিশিয়ারীর হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সুত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভূক্ত থাকবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়।

(খ) এছাড়াও বর্ণিত সীমার নীচের লেনদেনসমূহের ক্ষেত্রে আবেদনকারী ও বেনিফিশিয়ারী সম্পর্কিত তথ্য (যা যাচাইয়ের প্রয়োজন হবে না) যেমন: নাম, ঠিকানা ইত্যাদি এবং হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সুত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভূক্ত করবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়।

(গ) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের অর্থ বেনিফিশিয়ারি[৪]কে প্রদানের ক্ষেত্রে বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্য সংরক্ষণ করতে হবে; এবং

(ঘ) যে সকল ক্ষেত্রে একক আবেদনকারী কর্তৃক একাধিক আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের মাধ্যমে একাধিক বেনিফিসিয়ারির অনুকূলে ব্যাচ ফাইলে গুচ্ছাকারে (Bundled in a batch file) প্রেরণ করা হয় সে সকল ক্ষেত্রে ব্যাচ ফাইলে আবেদনকারীর সঠিক ও বেনিফিসিয়ারীর পূর্ণাঙ্গ তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়াও, আবেদনকারী ও বেনিফিশিয়ারীর হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সুত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভূক্ত থাকবে; যাতে পরবর্তীতে লেনদেনটি সহজে খুঁজে পাওয়া যায়।

(২) অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফার[৫] :

(ক) ব্যাংক কর্তৃক সম্পাদিত অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির পরিচিতি সংক্রান্ত তথ্য গ্রহণ ও যাচাইয়ের ক্ষেত্রে বিএফআইইউ সার্কুলার নম্বর-১৯, তারিখ: ১৭/০৯/২০১৭ এর অনুচ্ছেদ নম্বর ৩ এবং এ সার্কুলারের অনুচ্ছেদ ৯.১.(১) এ বর্ণিত প্রযোজ্য নির্দেশনাসমূহ পরিপালন করতে হবে;

(খ) ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার করে অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে (পণ্য ও সেবা ক্রয় ব্যতীত) পরিশোধ সংক্রান্ত ইন্সট্রাকশন/বার্তায় উপরের ২(ক) এর অনুরূপ তথ্য সংরক্ষণ করতে হবে; এবং

(গ) সরকারি, আধাসরকারি, বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহের পরিপালন বাধ্যতামূলক নয়। আন্তঃব্যাংক লেনদেন কার্যক্রমের ক্ষেত্রে উপরের ২(ক) দফায় বর্ণিত নির্দেশনা পরিপালন অব্যাহতিযোগ্য বিবেচিত হবে।

৯.২ অয়্যার ট্রান্সফার সংক্রান্ত অন্যান্য নির্দেশনা :

(১) এতদ্‌সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট সকল পক্ষকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা; এ ইউনিট কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সব আইন বা বিধিবিধান যথারীতি অনুসরণ করতে হবে; এবং

(২) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার এবং অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে বিএফআইইউ সার্কুলার নম্বর-১৯, তারিখ: ১৭/০৯/২০১৭ এর অনুচ্ছেদ নম্বর ২ এবং ১০ এ বর্ণিত প্রযোজ্য নির্দেশনার পরিপালন করতে হবে।

---

[৪] বেনিফিশিয়ারী (Beneficiary) বলতে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাবধারী কিংবা হিসাবধারী নন) বুঝাবে যার অনুকূলে অর্থ প্রেরণ করা হয়।

[৫] অভ্যন্তরীন অয়্যার ট্রান্সফার (Domestic wire transfer) বলতে এরূপ লেনদেনকে বুঝাবে যেক্ষেত্রে আবেদনকারী ও বেনিফিশিয়ারী একই দেশে অবস্থান করে। এক্ষেত্রে পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারে ব্যবহৃত প্রক্রিয়া অন্য কোনো দেশে সম্পন্ন হলেও তা অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফার মর্মে গণ্য হবে।